# বাগছাসের কেন্দ্রীয় সদস্য হৃদয়ের উপর ডেমরা থানা ছাত্রদল সভাপতির নেতৃত্বে হামলা



সংগৃহীত ছবি

LENS ASIA

বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের কেন্দ্রীয় সংগঠক আশিকুজ্জামান হৃদয়ের ওপর হামলার অভিযোগ উঠেছে ছাত্রদলের ডেমরা থানা সভাপতি মাসুদ রানা ও তার অনুসারীদের বিরুদ্ধে। হামলার শিকার আশিকুজ্জামান বর্তমানে গুরুতর আহত অবস্থায় রয়েছেন, যার ছবি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ছবিতে দেখা যাচ্ছে, তার মুখমণ্ডল ও জামায় রক্তের দাগ। ছাত্রসংসদের পক্ষ থেকে এ হামলার তীব্র নিন্দা জানানো হয়েছে এবং দোষীদের দ্রুত গ্রেফতার ও বিচারের দাবি উঠেছে।